

রোকেয়া বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষা ১ ও

৩ মের পরিবর্তে

৫ ও ৬ মে

রংপুর অফিস ৮

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারিত সময়ের পাঁচ মাস পর ঘোষণা করার পর আবার তারিখ পেছানো হয়েছে। অনিবার্য কারণ দেখিয়ে পূর্বঘোষিত ১ ও ৩ মে তারিখের পরিবর্তে আগামী ৫ ও ৬ মে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে। পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে ১৩ মে।

গতকাল সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপচার্য অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবীর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) উপস্থিত ছিলেন।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী ৫ মে সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিট, দুপুর সাড়ে ১২টায় 'বি' ইউনিট ও বিকেল সাড়ে ৩টায় 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা এবং ৬ মে সকাল সাড়ে ৯টায় 'ডি' ইউনিট, দুপুর সাড়ে ১২টায় 'ই' ইউনিট ও বিকেল সাড়ে ৩টায় 'এফ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে (www.brur.ac.bd/ www.admission2014.brur.ac.bd/) পাওয়া যাবে। ভর্তি পরীক্ষায় অংশ নিতে পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আগামী ২০ এপ্রিল থেকে তাদের নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। এ বছর ৬ ইউনিটের অধীনে ছয়টি অনুষদভুক্ত ২১ বিভাগে মোট ৯০ হাজার ৪০২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে।